

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০৭.২৩.০০৪.১৫- ৩২৯

২৪/০৫/১৪২৫ বঙ্গাব্দ
তারিখ : -----
২৯/০৫/২০১৮ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০১৪)-এর আওতায় তফসিল-১ এ বর্ণিত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য আমদানি অথবা রিকভারকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানির জন্য আমদানিকারকদের বাৎসরিক (জানুয়ারি-ডিসেম্বর) কোটা বরাদ্দ ও রপ্তানি সংক্রান্ত লাইসেন্স প্রদানের বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে ২০/০৩/২০১৬ তারিখের ২২.০২.০০০০.০০৭.১৮.৪০.১৫-১৩০ সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত কমিটি নিম্নলিখিতভাবে পুনর্গঠন করা হলোঃ


ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	অতিরিক্ত মহাপরিচালক	আহ্বায়ক
২।	পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)	সদস্য
৩।	পরিচালক (জলবায়ু পরিবর্তন ও আন্তঃ কনঃ)	সদস্য
৪।	পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) ও ওজোন সেলের প্রধান	সদস্য
৫।	সিনিয়র কেমিস্ট (বায়ুমান ব্যবস্থাপনা)	সদস্য সচিব

২। উক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- ১) কমিটি ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের আমদানি লাইসেন্স প্রদানের লক্ষ্যে বছরে ২ (দুই) বার সভায় মিলিত হয়ে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক বাৎসরিক কোটা বরাদ্দের জন্য মহাপরিচালকের নিকট সুপারিশ পেশ করবে। কমিটি জানুয়ারি মাসে প্রথমবার আবেদনপত্র গ্রহণ ও লাইসেন্স প্রদান এবং জুলাই মাসে দ্বিতীয়বার আবেদনপত্র গ্রহণ ও লাইসেন্স প্রদানের সুপারিশ করতে পারবে।
- ২) কমিটি রিকভারকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানির জন্য রপ্তানিকারকের আবেদনপত্র বিবেচনা করে মহাপরিচালকের নিকট সুপারিশ করবেন।
- ৩) কমিটি বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোনো বিষয়েও প্রয়োজন মোতাবেক মহাপরিচালকের নিকট সুপারিশ পেশ করতে পারবে।
- ৪) কমিটি ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের কোটা বরাদ্দ বিবেচনার জন্য সুনির্দিষ্ট ম্যাট্রিক্স ব্যবহার করবে।

- ৫) মহাপরিচালক কর্তৃক কার্যবিবরণী অনুমোদিত হওয়ার পর তা অধিদপ্তরের ওয়েবসাইটে দেওয়া হবে।
- ৬) সদস্য-সচিব এই কমিটির সকল সাচিবিক দায়িত্ব পালন করবেন।
- ৭) কমিটি প্রয়োজনবোধে এ বিষয়ে অধিদপ্তরের একজন অভিজ্ঞ কর্মকর্তা বা একজন বিশেষজ্ঞ বা বাংলাদেশ রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং মার্চেন্ট এসোসিয়েশন (BRAMA)-র সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩। উক্ত আদেশ অবিলম্বে কার্যকর হবে।


 (ড. সুলতান আহমেদ)
 মহাপরিচালক
 পরিবেশ অধিদপ্তর
 ফোন : ৮১৮১৮০০

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (জলবায়ু পরিবর্তন ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- ৫। সিনিয়র কেমিস্ট (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি :

- ১। সহকারি পরিচালক, আইটি শাখা, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা। (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ২। সহকারি পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড/ অফিস।